

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪- ০৩

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি '২০২৫খ্রিঃ।


নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৫ মাসের মাসিক সাধারণ সভা জনাব শোভন সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৫ ফেব্রুয়ারি'২০২৫ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফর্মে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।



শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর

ও

প্রশাসক

উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

ফোন নং ০৪২২৩-৬৫০২২

ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

- ১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ২। উপজেলা -----কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
- ৩। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ













- ১। জেলা প্রশাসক, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০৩

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	 ১৮/২/২৫
২	উপজেলা কৃষি কর্মকর্তা	 ১৮/২/২৫
৩	উপজেলা প্রকৌশলী	 ১৮/০২/২৫
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	 ১৮.০২.২৫
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	 ১৮/২/২৫
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	 ১৮/০২/২৫
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	 ১৮/০২/২৫
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	 ১৮/০২/২৫
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	 ১৮/০২/২৫
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	 ১৮/০২/২৫
১১	উপজেলা প: প: কর্মকর্তা	 ১৮/২/২৫
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	 ১৮/০২/২৫
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	 ১৮/০২/২৫
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	 ১৮/২/২৫
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	 ১৮/২/২৫
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	 ১৮.২.২৫

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০৩

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	স্বাক্ষরিত ২৮/০২/২৫
২.	চেয়ারম্যান, জহরপুর ইউপি	১৪.০২.২৫
৩.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	২৮/০২/২৫
৪.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	২৮/০২/২৫
৫.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	২৮/০২/২৫
৬.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	২৮/০২/২৫
৭.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	২৮/০২/২৫
৮.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	২৮/০২/২৫
৯.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	২৮/০২/২৫
১০.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	২৮/০২/২৫

উপজেলা পরিষদের কার্যসূচী (২০২০ মাসের
মাসিক কার্যসূচী সভার উপস্থিতি।

সভাপতি : জনাব (কোন সভাপতি,
প্রকারক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী
অফিসার, বাসাবাড়া, মল্লার।

স্থান : উপজেলা পরিষদ প্রকল্প।

তারিখসময় : ২৫-০২-২০২০ খ্রিঃ বঙ্গাব্দ : ১২শে চৈত্র

সভাপতি উপস্থিতি অনুষ্ঠাননির্বাহী সভাপতি :

১ প্রকারক, (পরিষদ, বাসাবাড়া, মল্লার —

২ চেয়ারম্যান অধ্যক্ষ ইত্যাদি —

২৫.০২.২০

৩ ৥ বনগিয়া ৥ ৥ —

২৫/০২/২০

৪ ৥ বাপ্পুর ৥ ৥ —

৫ ৥ নারিকেলগাড়া ৥ ৥ —

২৫/০২/২০

৬ ৥ বনগ্রাম ৥ ৥ —

২৫/০২/২০

৭ ৥ মোথুলা ৥ ৥ —

২৫/০২/২০

৮ ৥ দহাঙ্গরি ৥ ৥ —

২৫/০২/২০

৯ ৥ বাসাবাড়া ৥ ৥ —

২৫/০২/২০

১০ ৥ জামদিয়া ৥ ৥ —

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: শোভন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৫ ফেব্রুয়ারি ২০২৫খ্রিঃ, বুধবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০১) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব শেখ আরিফুল ইসলাম তিক্ত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব ডাঃ এস. এম. মোস্তফা কাইয়ুম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব ওয়ালিদ হোসেন রুমান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব ডাঃ মোঃ আবু বকর সিদ্দিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ খোকন মিয়া, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) মোঃ আব্দুল কদুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব পতিত পাবন রায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ মোতালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব ফকির তাইজুর রহমান, অফিসার ইনচার্জ, বাঘারপাড়া থানা, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব ইয়ামিন হোসেন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)এর পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৬) জনাব মোঃ গোলাম কদুস, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরূপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।


০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) বর্তমান পরিস্থিতিতে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদ বিলুপ্ত হওয়ায় উপজেলা পরিষদের কার্যাবলী সুচারুরূপে সম্পাদন করার জন্য বিধি অনুযায়ী বিভিন্ন কমিটিসমূহ গঠনের লক্ষে সভায় বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ১৭টি কমিটি পরিশিষ্ট-ক আকারে গঠন করা হয় এবং অনুমোদন প্রদান করা হয়। অনুমোদিত কমিটির তালিকা সংশ্লিষ্ট সকলকে প্রেরণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় এবং কমিটি সমূহের সদস্য-সচিবগণকে কমিটির তালিকা পাওয়ার পর বিধি অনুযায়ী সভা আহবানপূর্বক পরিষদের কার্যক্রম গতিশীল করার অনুরোধ জানানো হয়।	সর্বসম্মতিক্রমে ১৭টি কমিটি পরিশিষ্ট-ক আকারে গঠন করা হয় এবং অনুমোদন প্রদান করা হয়।	প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ২। ১৭টি কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণ।
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন) তহবিলের আওতায় গৃহিত প্রকল্পসমূহের মধ্যে পিআইসি এর মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে, যার বিল প্রদান কার্যক্রমও প্রায় শেষ পর্যায়ে। এছাড়া টেন্ডার বিজ্ঞপ্তি প্রদান প্রক্রিয়া চলমান আছে, খুব শীঘ্রই পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হবে।	যথাযথ তদারকিপূর্বক বিল প্রদান করা এবং দ্রুততার সহিত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।	১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা প্রকৌশলী
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) জানুয়ারি-২০২৫ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ন্তোর অনুমোদন প্রদান করা হয়। (খ) উপজেলা পরিষদের হাট-বাজার ইজারা প্রদান সংক্রান্তঃ বাঘারপাড়া উপজেলার বাংলা-১৪৩২ সনের হাট বাজার ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন কমিটির ১৯-০২-২০২৫খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী “পরিশিষ্ট-খ” আকারে উপজেলা পরিষদের সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে দেখা যায়, উপজেলার ১৮টি হাটের মধ্যে ১১টি হাটের জন্য প্রাপ্ত দর সরকারি মূল্যে অপেক্ষা বেশি হওয়ায় সর্বোচ্চ দরদাতাদের দর গ্রহণের সুপারিশ করা হয়েছে। অন্যদিকে বাকি ০৭ হাটের দরপত্র দাখিল না হওয়ায় পুনঃদরপত্র আহবানের জন্য সুপারিশ করা হয়েছে। হাট-বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটির উপস্থাপিত কার্যবিবরণী “পরিশিষ্ট-খ” এ সুপারিশকৃত ১১টি হাটের দর সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশি হওয়ায় তা ইজারার প্রদানের লক্ষ্যে অনুমোদন প্রদান করা হয় এবং বিধি মোতাবেক অনুমোদিত হাট-বাজার ইজারা প্রদান এবং দরপত্র না পড়া হাটের জন্য পুনরায় দরপত্র আহবান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ন্তোর অনুমোদন প্রদান করা হয়। (খ) হাট-বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটির উপস্থাপিত কার্যবিবরণী “পরিশিষ্ট-খ” এ সুপারিশকৃত ১১টি হাটের দর সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশি হওয়ায় তা ইজারার প্রদানের লক্ষ্যে অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (খ) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৬.	অপারেশনাল (ন্যাকৃত বিষয়াবলি/ ন্যাকৃত ও শ্রেণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) উপজেলা জামে মসজিদের ইমাম ও মোয়াজ্জিম এর সম্মানী বৃদ্ধিঃ বর্ণিত বিষয়ে উপজেলা পরিষদের বিস্তারিত আলোচনান্তে বর্তমান বাজার পরিস্থিতিতে তাদের সম্মানী ভাতা উপযুক্ত পর্যায়ে বৃদ্ধি করার অনুমতি প্রদান করা হয় এবং এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা জামে মসজিদ কমিটি, বাঘারপাড়াকে অনুরোধ জানানো হয়।	তাদের সম্মানী ভাতা উপযুক্ত পর্যায়ে বৃদ্ধি করার অনুমতি প্রদান করা হয়।	(খ) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা জামে মসজিদ কমিটি

০৭.	সমন্বয়ঃ (হাতান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, ঠিকাদার কর্তৃক বিভিন্ন স্থানে রাস্তার কাজ চলমান আছে সেহেতু সংশ্লিষ্ট সকলকে কাজগুলি একটু পর্যবেক্ষন করার জন্য আহবান জানান এবং খারাপ মাল দ্বারা কাজ করার চেষ্টা করলে কাজ বন্ধ করে দিয়ে তাঁকে জানানোর জন্য অনুরোধ জানান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান(সকল)
খ. স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৭৯৫০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৩৮৫ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৫০৩ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৩৬ জন, ১৬ জন সিজারিয়ান করা হয়। ১৫৫ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২১৫৭৭ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৭২২ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৪৫১ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ. কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় রবি মৌসুমে সরিষা-২৭৪০ হেক্টর, মসুর-২৯০ হেক্টর, ভুট্টা-৪৩ হেক্টর, গম-৩২ হেক্টর, আলু-৩৭ হেক্টর, সবজি- ৯৪২ হেক্টর জমিতে আবাদ হয়েছে। বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ১৬৪৫০ হেক্টরের বিপরীতে আবাদ হয়েছে ১৬৫৭৫ হেক্টর আবাদ হয়েছে। রাইচট্রান্সপ্লান্টার ম্যাশিনের মাধ্যমে ১৭৫বিঘা জমিতে বোরো ধান রোপন করা হয়েছে। সরিষা কর্তন হয়েছে ২৬৩০ হেক্টর যার গড় ফলন ১.২ মেঃটন/হেক্টর। ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন সহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। চলতি মাসে ইউরিয়া-৪৮৯ মেঃটন, টিএসপি-১১১মেঃ টন, ডিএপি-৩৬৮ মেঃ টন এবং এমওপি ২৪৪ মেঃ টন মজুদ রয়েছে। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক সারের বাজার মনিটরিং করছেন। সরকার নির্ধারিত মূল্যে বিধিমোতাবেক সার বিক্রয়ের জন্য সকল সার ডিলারদের চিঠি প্রদান করা হয়েছে। এছাড়াও বিসিআইসি,বিএডিসি ও কার্ডধারী খুচরা সার বিক্রেতাদের সাথে সার সংক্রান্ত বিষয়ে মিটিং করা হয়েছে। সারের কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ. মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ. প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি-২৫ মাসে ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন- ১৬৫, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন- ৯২০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন- ৫৩৪, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান ক. গবাদিপশুর টিকা প্রদান- ৩১৬৪ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান- ৬৬০০০ মাত্রা ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৪০৮টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান- ১০৩৭৯টি, ৫.পোষাপ্রাণির চিকিৎসা প্রদান- ০৫ টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৫ টি, ৭.খামার পরিদর্শন- ১১ টি, ৮.দুধ উৎপাদন- ২৫৫৩.৬টন, ৯.মাংস উৎপাদন- ৮১০.৬৪ মে.টন, ১০.ডিম উৎপাদন- ৩০ লক্ষ **সারাদেশ ব্যাপি প্রণিসম্পদ ডিজিটাল সার্ভে কার্যক্রম চলমান।, ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)। ক. টিকাবীজ বিক্রয়- ১৬২৫০/-, খ.কৃত্রিম প্রজনন- ৭৭২৫০/-।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে দ্বিতীয় কিস্তি সকল ভাতার পেরোল ৯৯.৩০% পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। অনলাইনে প্রতিবন্ধী ভাতার আবেদন পড়েছে ১১৯১ টি। তাদেরকে ইউনিয়ন পরিষদে যাচাই বাছাই কার্যক্রম চলমান। পল্লী সমাজসেবা কার্যক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়-৬,২৪,৬৪৫/- (ছয় লক্ষ চব্বিশ হাজার ছয়শত পয়তাল্লিশ টাকা) মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৩৭০ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৪৮৮(চক্র) কনডম ১০৬৪৬(পিস) ইনজেকটেবল ৮০১ জন আইইউডি ১৭ জন, ইমপ্লান্ট ৬০ জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০২, মোট ০২ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ.মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৭৫ টি দল/সমিতির ২১৮৪ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪১.০০ লক্ষ টাকা। চলতি আর্থিক বছরে ৭৭০ জন সদস্যর মধ্যে ৫৩০.০০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪৭০.১৮ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ১৩০ জন সদস্যকে ৪৪.৮০ লক্ষ টাকা ৮% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট.যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে জানুয়ারি-২৫ ০২জন কে যুব ঋণ হিসাবে ২,২০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। ২০৪-২৫ অর্থ বছরে মোট ৪৭ জনকে যুব ঋণ হিসা ২৯,৭০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। সার্বিক আদায় হার ৯৩%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ.সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৭১টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ২টি ও ৫২ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ঋণ আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড.মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, ভিডলিউবি কার্যক্রমঃ বাঘারপাড়া উপজেলায় ভিডলিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। ২০২৫-২০২৬ ভিডলিউবি চক্রের উপকারভোগী বরাদ্দ ২১৫২ জন। ওয়েবসাইট বন্ধ থাকায় উপকারভোগী নির্বাচনের কার্যক্রম বন্ধ আছে। মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ফেব্রুয়ারি/২০২৫ মাসের উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরী ক্লাবঃ বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। উঠান বৈঠকঃ বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

৩. গ্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান টিআর, কাবিটা এর প্রকল্প তালিকা জেলায় পাঠানো হয়েছে, অনুমোদিত হলে কার্যক্রম শুরু করা হবে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
৭. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের গভীর নলকূপের জন্য গণ আবেদনের ভিত্তিতে বাড়িতে বাড়িতে গিয়ে যাচাই বাছাই এর কাজ চলমান আছে। পাশাপাশি ২০২৩-২৪ অর্থ বছরের নলকূপের প্লাটফর্ম নির্মাণের কাজও চলমান রয়েছে। পিইডিপি - ৪ প্রকল্পের আওতায় ৩৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
৩. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	উপজেলা নির্বাচন দপ্তরের পক্ষ হতে জানানো হয় যারা ইউনিয়ন পর্যায়ে কোন কারনে ভোটার হতে পারে নাই তারা আগামী ৪ ও ৫ মার্চ ২০২৫খ্রিঃ তারিখ দোহাকুলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের মাঠে ভোটারকরণ কার্যক্রম সম্পন্ন করা হবে। উক্ত স্থানে উপজেলাধীন যেকোন এলাকার ভোটার হতে ইচ্ছুক ব্যক্তিবর্গ সঠিক কাগজপত্র থাকা সাপেক্ষে ভোটার হতে পারবে, বিষয়টি ব্যাপক প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলের নিকট সহযোগিতা কামনা করেন।		জনপ্রতিগনসহ সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গ

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


শোভন সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-০৪

তারিখঃ ২৫- ০২-২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯. চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর।
১০. অফিস কপি।


শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

১৭/১১/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর।
(www.bagherpara.jessore.gov.bd)

বাঘারপাড়া উপজেলার বাংলা ১৪৩২ সনের হাট-বাজার ইজারার দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।
স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখঃ ১৯-০২-২০২৫ খ্রিঃ, সময়ঃ বিকাল ৩-০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর সম্বলিত তালিকা পরিশিষ্ট “ক” তে লিপিবদ্ধ।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অদ্য বাঘারপাড়া উপজেলার বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০শে চৈত্র পর্যন্ত হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত প্রাপ্ত দরপত্রসমূহ সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। আলোচনাঃ

১) **ভৈলকুপ হাট :-** ভৈলকুপ হাটের সরকারি ধার্যমূল্য ১৩,১৭৬/- (তেরো হাজার একশত ছিয়াত্তর) টাকা। এই হাটের জন্য ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) কাজী সোহেল রানা, পিতা-কাজী মহি উদ্দিন সাং-বালিয়াগড়, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর কর্তৃক দাখিলকৃত ইজারা মূল্য ১৩,২০১/- (তেরো হাজার দুইশত এক) টাকা, টাকা দরপত্র দাখিল করেছেন। জনাব কাজী সোহেল রানা সর্বোচ্চ দরদাতা ১৩,২০১/- (তেরো হাজার দুইশত এক) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

২) **বেতালপাড়া হাটঃ** বেতালপাড়া হাটের সরকারি ধার্যমূল্য ৪১,৭৪৭/- (একচল্লিশ হাজার সাতশত সাতচল্লিশ) টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ দুলাল বিশ্বাস, পিতা-মৃত জমির বিশ্বাস, সাং-বেতালপাড়া, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর কর্তৃক দাখিলকৃত ইজারা মূল্য ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা দরপত্র দাখিল করেছেন। উল্লেখিত জনাব মোঃ দুলাল বিশ্বাস সর্বোচ্চ দরদাতা ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৩) **খাজুরা হাটঃ** খাজুরা হাটের সরকারি ধার্যমূল্য ৮৮,৯৬,৩১৫/- (আটাত্তিশ লক্ষ ছিয়ানব্বই হাজার তিনশত পনের) টাকা। এই হাটের জন্য ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ রবিউল ইসলাম, পিতা-আলী বক্স বিশ্বাস, সাং-মথুরাপুর, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর কর্তৃক দাখিলকৃত ইজারা মূল্য ৮৯,০৫,৫০০/- (উননব্বই লক্ষ পাঁচ হাজার পাঁচশত) টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ রবিউল ইসলামের দাখিলকৃত দরপত্র ৮৯,০৫,৫০০/- (উননব্বই লক্ষ পাঁচ হাজার পাঁচশত) টাকা যাহা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৪) **বারীনগর হাটঃ** বারীনগর হাটের সরকারি ধার্যমূল্য ৭৭,৫৮,৮৩৯/- (সাতাত্ত লক্ষ আটাত্ত আটশত উনচল্লিশ) টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ মোতালেব হোসেন, পিতা-মৃত্যু গোলাম নবী সাং-মথুরাপুর উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৭৭,৬১,৫০০/- (সাতাত্ত লক্ষ একষট্টি হাজার পাঁচশত) টাকা দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ মোতালেব হোসেনের দাখিলকৃত দরপত্র ৭৭,৬১,৫০০/- (সাতাত্ত লক্ষ একষট্টি হাজার পাঁচশত) টাকা সর্বোচ্চ দর টাকা দাখিল করেছেন যাহা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৫) **পুলের হাটঃ** পুলের হাটের সরকারি ধার্যমূল্য ২৯,১০,৮৪৯/- (উনত্রিশ লক্ষ দশ হাজার আটশত উনপঞ্চাশ) টাকা। এই হাটের জন্য ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ ইসমাইল হোসেন, পিতা-মৃত দুধ মল্লিক, সাং-মথুরাপুর, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ১৮,৫০,০০০/- (আঠারো লক্ষ পঞ্চাশ হাজার) টাকা টাকার দরপত্র দাখিল করেছেন। দাখিলকৃত দরপত্র দাতার দরপত্র সরকারী মূল্যের চেয়ে কম মূল্য দাখিল করার ফলে দরপত্র বাতিল করা হলো এবং ২য়বার দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমানপাতা/২

৬) রায়পুর হাটঃ রায়পুর হাটের সরকারি ধার্যমূল্য ৫,১২,০০৭/- (পাঁচ লক্ষ বারো হাজার সাত) টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) মো: ওলিয়ার রহমান, পিতা- মৃত্যু মকহেদ আলী মোল্যা সাং- কৃষ্ণনগর, উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৫,১৫,৫০০/- (পাঁচ লক্ষ পনো হাজার পাঁচশত) টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মো: ওলিয়ার রহমানের দরপত্র যাহা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৭) আগড়া হাটঃ আগড়া হাটের সরকারি ধার্যমূল্য ৫০,৩৯২/- (পঞ্চাশ হাজার তিনশত বিরানব্বই) টাকা। এই হাটের জন্য ০১ (এক) টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মো: কায়কোবাদ আলী পিতা- হোসেন আলী মোল্যা সাং- আগড়া, উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৫০,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা, জনাব মো: কায়কোবাদ আলীর দরপত্র যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৮) খলগ্রাম হাটঃ খলগ্রাম হাটের সরকারি ধার্যমূল্য ৬,৫১,৭৩০/- (ছয় লক্ষ একাত্তর হাজার সাতশত আটচল্লিশ) টাকা। এই হাটের জন্য মোট ০২ (এক) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) জনাব মো: রকিব উদ্দিন পিতা- মৃত নোয়াই মোল্যা, সাং- দশপাকিয়া উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৬,৫৫,২০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার দুইশত) টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মো: আজিজুর রহমান পিং- মৃত আফছার আলী সাং- বল্যামুখ বাঘারপাড়া, যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার দরপত্র দাখিল করেছেন যাহা সরকারি মূল্যের চেয়ে কম। দাখিলকৃত দরপত্রের মধ্যে জনাব মো: রকিব উদ্দিনের দরপত্র যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

০৯) বহরমপুর হাটঃ বহরমপুর হাটের সরকারি ধার্যমূল্য ১,২৬,০৮২/- (এক লক্ষ ছাব্বিশ হাজার বিরানিশ) টাকা। এই হাটের জন্য ০১ (এক) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) জনাব মো: বোরহান উদ্দিন পিং- মৃত আবুল হোসেন বিশ্বাস সাং- বহরমপুর, বাঘারপাড়া, যশোর কর্তৃক দাখিল দরপত্র ১,২৭,৫০০/- (এক লক্ষ সাতাশ হাজার পাঁচশত) টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মো: বোরহান উদ্দিনের দাখিলকৃত দর যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১০) বালিয়াডাংগা হাটঃ বালিয়াডাংগা হাটের সরকারি ধার্যমূল্য ৫৭,৯৪৯/- (সাতান্ন হাজার নয়শত উনপঞ্চাশ) টাকা। এই হাটের জন্য মোট ০১ (চার) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) জনাব মো: আলমগীর ফেরদৌস পিং- মো: গোলাম রহমান সাং- বল্যামুখ উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৬০,০০০/- (ষাট হাজার) টাকা দরপত্র দাখিল করেছেন। জনাব মো: আলমগীর ফেরদৌসের দরপত্র যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১১) নারিকেলবাড়িয়া হাটঃ নারিকেলবাড়িয়া হাটের সরকারি ধার্যমূল্য ৩৯,১০,৭৩০/- (উনচল্লিশ লক্ষ দশ হাজার সাতশত ত্রিশ) টাকা। এই হাটের জন্য মোট ০৩ (তিন) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) জনাব মো: আক্তার হোসেন পিং- সৈয়দ আলী সাং- নারিকেলবাড়িয়া উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৫০,০১,১১০/- (পঞ্চাশ লক্ষ এক হাজার একশত দশ) টাকা ২) জনাব মো: রাজন হোসেন কর্তৃক দাখিলকৃত দরপত্র ৪০,০০,৭০০/- (চল্লিশ লক্ষ সাতশত) টাকা, ৩) জনাব মো: মঞ্জুর রশিদ পিং- মৃত আব্দুল আলিম সাং- মহিরন, বাঘারপাড়া যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৪২,১০,০০০/- (বিয়াল্লিশ লক্ষ দশ হাজার টাকা) টাকার দরপত্র দাখিলকৃত করেছেন। দাখিলকৃত দরপত্রগুলোর মধ্যে জনাব মো: আক্তার হোসেনের দরপত্র যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১২) ভাংগুড়া হাটঃ ভাংগুড়া হাটের সরকারি ধার্যমূল্য ৩৬,০৮,৫৯৩/- (ছত্রিশ লক্ষ আট হাজার পাঁচশত তিরানব্বই) টাকা। এই হাটের জন্য মোট ০৩ (তিন) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) জনাব মো: রফিকুল ইসলাম পিং- মৃত আ: খালেক মোল্যা সাং- ভিটাবল্যা উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৩৬,১২,০০০/- (ছত্রিশ লক্ষ বারো হাজার) টাকা ২) জনাব মো: দাউদ হোসেন পিং- মৃত শফি উদ্দিন সাং- দাদপুর, বাঘারপাড়া, যশো কর্তৃক দাখিলকৃত দরপত্র ৩৬,২৯,৫০০/- (ছত্রিশ লক্ষ উনত্রিশ পাঁচশত) টাকা, ৩) জনাব মো: মাজহারুল ইসলাম পিং- মৃত মহিউদ্দিন বিশ্বাস সাং- ভিটাবল্যা, বাঘারপাড়া যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ৩৬,০৯,০০০/- (ছত্রিশ লক্ষ নয় হাজার টাকা) টাকার দরপত্র দাখিলকৃত করেছেন। দাখিলকৃত দরপত্রগুলোর মধ্যে জনাব মো: দাউদ হোসেনের দরপত্র যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১৩) আলাদিপুর হাটঃ আলাদিপুর হাটের সরকারি ধার্যমূল্য ৮৩,৪৯২/- (তিরানিশ হাজার চারশত বিরানব্বই) টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) জনাব মো: রফিকুল ইসলাম পিং- মৃত আব্দুল খালেক মোল্যা সাং- ভিটাবল্যা উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর কর্তৃক দাখিলকৃত দরপত্র ২০,০০০/- (কুড়ি হাজার) টাকার দরপত্র দাখিলকৃত করেছেন। দাখিলকৃত দরপত্র দাতার দরপত্র সরকারি মূল্যের চেয়ে কম মূল্য দাখিল করার ফলে দরপত্র বাতিল করা হলো এবং ২য়বার দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া পুলেরহাট ও আলাদিপুর হাট দাখিলকৃত দরপত্র দাতার দরপত্র সরকারী মূল্যের চেয়ে কম মূল্য হওয়ায় ইজারা গ্রহীতার দরপত্র বাতিলপূর্বক পুনরায় দরপত্র বিজ্ঞপ্তির প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও খানপুর হাট, বন্দবিলা হাট, ছাতিয়ানতলা হাট, চাড়াভিটা সাধারণ হাট, চাড়াভিটা পশু হাটের ১মবার বিজ্ঞপ্তি মোতাবেক কোন দরপত্র দাখিল না হওয়ায় ২য়বার দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ ১) বেতালপাড়া হাট ২) খাজুরা হাট ৩) ভৈলকুপ হাট ৪) বারীনগর হাট ৫) নারিকেলবাড়িয়া হাট ৬) রায়পুর হাট ৭) আগড়া হাট ৮) ধলগ্রাম হাট ৯) বহরমপুর হাট ১০) বালিয়াডাংগা হাট ১১) ভাংগুড়া সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী হওয়ায় সর্বোচ্চ দরদাতাদের অনুকূলে আগামী বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের সুপারিশ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি
বাঘারপাড়া, যশোর।

স্মারক নংঃ-০৫.৪৪.১৮.৩১.০০০.৯৬.০০১.২৪- ৬৬৬৬৬৬

তারিখঃ ২৮/০২/২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৪। উপজেলা.....অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৫। চেয়ারম্যান.....(সকল) ইউ,পি, বাঘারপাড়া, যশোর।
- ৬। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।